

# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ক্যাম্পাস | 03 May, 2025

অনির্দিষ্টকালের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) বহিরাগতদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শুক্রবার (২ মে) রাত ১০টায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কার্যালয় থেকে প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ইতোমধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) এবং আবাসিক হল সংসদ সমূহের নির্বাচনের তারিখ ও তফসিল ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ক্যাম্পাসের নিরাপত্তা পরিস্থিতি এই সময়ে গুরুত্বপূর্ণ বিবেচনার বিষয়। সেই আলোকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগামীকাল শনিবার (০৩ মে) থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বহিরাগতদের প্রবেশ নিষেধ করা হয়েছে।

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সকল অংশীজনকে স্ব স্ব পরিচয়পত্র বহন করার নির্দেশনা দেয়া হয়েছে।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার (০১ মে) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (জাকসু) নির্বাচনী তফসিল ঘোষণা করা হয়। তফসিলে আগামী ৩১ জুলাই জাকসু'র নির্বাচন অনুষ্ঠিত হওয়ার বিষয়টি উল্লেখ করা হয়। আসন্ন জাকসু নির্বাচনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে নিরাপত্তা ব্যবস্থা জোরদারে নজর দিয়েছে প্রশাসন।

তফসিল ঘোষণার দিন জাকসু নির্বাচনে নিরাপত্তা প্রশ্নে নির্বাচন কমিশনের সদস্য-সচিব বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক রাশিদুল আলম বলেন, নির্বাচনের আগে পুরো বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণকে সিসিটিভি ক্যামেরার আওতায় আনা হবে এবং নির্বাচনকালীন সময়ে কঠোরভাবে বহিরাগত নিয়ন্ত্রণ করে নিরাপত্তা নিশ্চিত করা হবে। নিরাপত্তা নিশ্চিত সশস্ত্র বাহিনী মোতায়েন থাকবে এবং প্রয়োজনে সেনাবাহিনীর সহায়তা নেওয়া হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:47

URL: <https://www.timestodaybd.com/campus/181444778>